10 AUG 1992

তারিখ 10 AUG 1992
পৃষ্ঠা ৬ কলাম ২

দৈনিক ইত্তেফাক

১৩৯

# শাহজালাল বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদ নির্বাচনে ছাত্রদলের জয়লাভ

সিলেট অফিস। উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়া সুষ্ঠু ও শান্তিপূর্ণ ভাবে গতকাল শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদের নির্বাচন সম্পন্ন হইয়াছে। নির্বাচনে সংসদের মোট ১০টি পদের মধ্যে ছাত্রদল মনোনীত হারুন-নাসির পরিষদ জি,এস ও এজিএস সহ ৭টি পদেই নিরঙ্কুশ জয়লাভ করে। অপর ৩টি পদের

(১১শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## শাহজালাল বিশ্ববিদ্যালয়

( ১ম পৃঃ পর )

মধ্যে ইসলামী ছাত্র শিবির ২টি ও ছাত্রলীগ (ম-ই) এবং ছাত্র ইউনিয়নের যৌথ ঐক্য পরিষদ ১টি পদে জয়ী হয়। নির্বাচনে এই ৩টি প্যানেলে তীব্র প্রতিদ্বন্দ্বিতা হয়। ছাত্র সংসদে ভি, পি পদ নাই। ভাইস চ্যান্সেলর পদাধিকার বলে ছাত্র সংসদের সভাপতির দায়িত্ব পালন করিবেন। নির্বাচনে প্রায় ৩৮০ জন ভোটারের মধ্যে ৩১৮ জন ভোট দান করেন। ছাত্রদলের জি, এম হারুনুর রশীদ জি, এস ও মির্জা নাসিরউদ্দিন এজি এস এবং নাসরিন চৌধুরী মুন্নী মহিলা সম্পাদিকা, এস এম, এ শাহনেওয়াজ ফাতমী লিটন নাট্য সম্পাদক, মোঃ আবদুল মোহাইমীন আজমান আন্তঃকক্ষ ক্রীড়া সম্পাদক, সাইফুল ইসলাম তালুকদার বার্ষিকী সম্পাদক, ছাব্বির আহমদ চৌধুরী সমাজ সেবা সম্পাদক এবং ইসলামী ছাত্র শিবিরের মোঃ আমিনুল ইসলাম শামীন ক্রীড়া সম্পাদক, আব্দুল আজিজ সাজু সাংস্কৃতিক সম্পাদক ও ছাত্রঐক্যের দেবাশীষ দত্ত সাহিত্য সম্পাদক পদে নির্বাচিত হইয়াছেন।

নির্বাচনের ফলাফল ঘোষণার পর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিজয়ীদের নিয়া আনন্দ মিছিল বাহির হয়। পরে জেলা ছাত্রদল সংগঠনের বিজয়ী প্রার্থীদের নিয়া শহরে এক আনন্দ মিছিল বাহির করে এবং কোর্ট পয়েন্টে এক সমাবেশে মিলিত হয়। সমাবেশে জেলা সহ-সভাপতি মাহবুবুর রব চৌধুরী ফয়সলের সভাপতিত্বে বক্তব্য রাখেন আরিফুল হক চৌধুরী, মিছবাহুল কাদির ফাহিম এমদাদ হোসেন টিপু, আলী আহমদ, ফারুক চৌধুরী, হাবিবুর রহমান হাবিব ও নবনির্বাচিত জিএস হারুনুর রশীদ, নুরুজ্জামান এবং আবদুস সালাম প্রমুখ।